

যুগান্তর

17 APR 2023
101

বাজেটে শিক্ষা খাতে বরাদ্দ বাড়ানোর আহ্বান

বিদ্যালয় রিপোর্টার

জাতীয় বাজেটে শিক্ষা খাতে বরাদ্দ বৃদ্ধি এবং এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত ও বরাদ্দ প্রতি বছর আনুপাতিক হারে বৃদ্ধির দাবি জানিয়েছে 'গণসাক্ষরতা অভিযান'। গ্রোবাল অ্যাকশন সগ্রাই উপসমক্ষে কেন্দ্রীয় শহীদ মিনারে এক ঘোষণাপত্রে এ দাবি উত্থাপন করা হয়। ঘোষণাপত্রটি পাঠ করেন অভিনেত্রী আফরোজা বানু। এতে আরও ১২টি দাবি উত্থাপন করা হয়েছে। অনুষ্ঠানে ডেমসেসিওয়েচের নির্বাহী পরিচালক তালেয়া রেহমান, গণসাক্ষরতা অভিযান উপদেষ্টা আনাম ইউনুসসহ বিভিন্ন এনজিওর কর্মকর্তা ও ব্র্যাকের বিভিন্ন গ্রামিক বিদ্যালয়ের শিশুরা অংশ নেয়।